শেখ হাসিনার উদ্যোগ


# খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি
ঠিকরাবন্দ, খুলনা

দুরালাপনী
অফিস/বাসা : ০৪১-৭২১৯৯১
অভিযোগকেন্দ : ০৪১-৮১০৮৯০(১০১-১১৬)
ফ্যাক্স : +৮৮০৪১-৭২১৯৯১
ই-মেইল : khulnapbs@yahoo.com


স্মারক নং-২৭.১২.৪৭১২.৫৩৩.০১.০২১.১৯. ৪৮৬৫

তারিখঃ- ২১বৈশাখ/১৪২৬বঙ্গাঃ
০৪ মে/ ২০১৯ খ্রিঃ

বিষয়ঃ- CCTV Camera ও প্রয়োজনীয় Accessories ক্রয় এর জন্য পুনঃরিকুয়েষ্ট ফর কোটেশন (RFQ) আহবান প্রসঙ্গে।

নিম্নবর্নিত স্পেসিফিকেশন ও বিবরণ অনুযায়ী **"CCTV Camera ও প্রয়োজনীয় Accessories ক্রয়ের"** জন্য খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক পবিস এর নিজস্ব তহবিলের আওতায় বাংলাদেশী প্রকৃত উৎপাদনকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে পূনঃ রিকুয়েষ্ট ফর কোটেশন (RFQ) আহবান করা যাচ্ছে।

| দরপত্র নং | | বিবরণ/ স্পেসিফিকেশন্স | পরিমাণ | একক মূল্য | মোট মূল্য |
|---|---|---|---|---|---|
| ৬০/ ২০১৮-২০১৯ | ০১ | 8 Channel Standalone AHD DVR Machine including 2 TB HDD (সংযুক্ত স্পেসিফিকেশন অনুযায়ী) | ০২ টি | | |
| | ০২ | Outdoor HD CCTV Camera (সংযুক্ত স্পেসিফিকেশন অনুযায়ী) | ০২টি | | |
| | | Indoor HD CCTV Camera (সংযুক্ত স্পেসিফিকেশন অনুযায়ী) | ১২ টি | | |
| | ০৩ | Coaxial Cable for CCTV Camera (সংযুক্ত স্পেসিফিকেশন অনুযায়ী) | ৬০০ ফুট | | |
| | ০৪ | Power Cable for CCTV Camera (সংযুক্ত স্পেসিফিকেশন অনুযায়ী) | ৬০০ ফুট | | |
| | ০৫ | Connector AV/BNC Jack (সংযুক্ত স্পেসিফিকেশন অনুযায়ী) | ৪০ টি | | |
| | | মোট = | | | |

কথায়ঃ-

০১॥ রিকুয়েষ্ট ফর কোটেশন (RFQ) জমা দেয়ার তারিখ ও সর্বশেষ সময়ঃ- ১২/০৫/২০১৯ তারিখ, দুপুর ১২:০০ ঘটিকা।

০২॥ (RFQ) জমা দেয়ার স্থান : পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পশ্চিমাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা ও খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি, ঠিকরাবন্দ, খুলনা।

০৩॥ (RFQ) খোলার তারিখ, সময় ও স্থান : ১২/০৫/২০১৯ তারিখ, দুপুর ১২:৩০ ঘটিকা, পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পশ্চিমাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা ও খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি, ঠিকরাবন্দ, খুলনা।

**শর্তাবলীঃ-**

০১॥ উপরে বর্ণিত সময়সীমার মধ্যে যে কোন দিন (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) অফিস সময়ে ব্যক্তিগত ভাবে/ ডাকযোগে/কুরিয়ার যোগে উপরোক্ত দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহন করা হবে না। দাখিলকৃত দরপত্র সমূহ বর্ণিত সময় সূচী অনুযায়ী দরপত্র দাখিলকৃত স্থানে দর দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। বিলম্বে দাখিলকৃত দরপত্র বাতিল বলে গন্য হবে।

০২॥ দরপত্রের বিপরীতে প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে, খামে সীল গালা ব্যবহার পূর্বক দর দাখিল করতে হবে। দরপত্রের সাথে বৈধ ট্রেড লাইসেন্স, আয়কর সনাক্তকরণ নম্বর (TIN), ব্যাংক সলভেন্সী সনদ, ভ্যাট নিবন্ধন নম্বর ও অভিজ্ঞতা সনদ এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

০৩॥ খামের উপর **"CCTV Camera ও প্রয়োজনীয় Accessories ক্রয়ের RFQ"** কথাটি স্পষ্টাকারে লিখতে হবে ১২/০৫/২০১৯ইং তারিখ ১২:৩০ ঘটিকার পূর্বে খোলা যাবেনা মর্মে লিখতে হবে। অসম্পূর্ন দরপত্র বাতিল বলে গন্য হবে।

০৪॥ দরপত্রে উদ্ধৃত একক দর এবং মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি /ওভার রাইটিং/ ফ্লুইড ব্যবহার গ্রহনযোগ্য হবে না। দরপত্র সঠিক ভাবে পূরণ করতঃ প্রতিষ্ঠানের মালিক অথবা ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধিকে দরপত্রে স্বাক্ষর করতে হবে।

০৫। দাখিলকৃত দরপত্রের সাথে CCTV Camera ও প্রয়োজনীয় Accessories এর Specification সম্বলিত Brochure সংযুক্ত করতে হবে।

০৬। দরপত্রে একক দর ও মোট উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্ব ক্ষেত্রে একক দর গ্রহনযোগ্য দর হিসাবে বিবেচনা করা হবে।

০৭। প্রদত্ত স্পেসিফিকেশন অনুযায়ী স্থানীয় বাজারে মালামাল না পাওয়া গেলে প্রদত্ত স্পেসিফিকেশনের বিপরীতে উন্নত মডেল প্রদান করা যাবে। তবে এই ক্ষেত্রে অফারকৃত মালামালের যথেষ্ট কারিগরি ব্যাখ্যা (তুলনামূলক বিবরণীসহ) থাকতে হবে।

০৮। স্পেসিফিকেশন মোতাবেক মালামাল সরবরাহ করতে হবে। সরবরাহকৃত মালামালের কোন প্রকার ত্রুটি পরিলক্ষিত হলে বা মালামাল নিম্নমানের হলে তা নিজ খরচে পরিবর্তন করে দিতে হবে।

০৯। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদানের ১৫(পনের) দিনের মধ্যে CCTV Camera ও প্রয়োজনীয় Accessories নিজ খরচে নিজ দায়িত্বে অত্র পবিসের পাইকগাছা ও ডুমুরিয়া জোনাল অফিসে পৌছাতে হবে এবং ইনস্টলেশন পূর্বক সম্পূর্ণ চালু অবস্থায় বুঝিয়ে দিতে হবে।

১০। পরিশোধিত বিল হতে নিয়মানুযায়ী ভ্যাট/আয়কর কর্তন করা হবে।

১১। নির্ধারিত সময়ে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য কার্যাদেশ মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে কার্যাদেশ মূল্য হতে জরিমানা কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না। অন্যথায় কার্যাদেশ বাতিল পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।

১২। বিল প্রদানের সময় নিরাপত্তা জামানত হিসাবে মোট বিলের ১০% অর্থ কর্তন করে রাখা হবে। যাহা মালামালের গুনগত মান অক্ষুন্ন থাকা সাপেক্ষে মালামাল সরবরাহের ০১ (এক) বৎসর পর ফেরত প্রদান করা হবে।

১৩। নির্ধারিত সময়ে মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে হিসাবের খায়ে প্রদেয় চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

১৪। শর্তাবলীতে উল্লেখ নাই এমন যে কোন বিষয়ে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত ভাবে গণ্য হবে।

১৫। কোনরূপ কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন বা বাতিল করার অধিকার অত্র পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

(শহীদুজ্জামান)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পশ্চিমাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো,ঢাকা
০২। জেলা প্রশাসক, খুলনা।
০৩। পুলিশ সুপার,খুলনা।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার ..........................পবিস-১/২/৩/৪
০৫। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো,খুলনা ।

(০১–০৫: নোটিশ বোর্ডে প্রচারের জন্য অনুরোধ করা হলো।)

০৬। ডিজিএম- (সদর-কারিগরী)/পাইকগাছা/ডুমুরিয়া জোনাল অফিস, খুলনা পবিস।
০৭। এজিএম (অর্থ/ওএন্ডএম),খুলনা পবিস।
০৮। জুনিয়র ইঞ্জিনিয়ার/সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), খুলনা পবিস ( ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো)
০৯। মেসার্স-------------------------------------------।
১০। নোটিশ বোর্ড, সদর দপ্তর, খুলনা পবিস।
১১। অফিস/মাষ্টার কপি ।

সিনিয়র জেনারেল ম্যানেজার
খুলনা পবিস।